

# বার্ষিক ও নির্বাচনি পরীক্ষায় শিক্ষকদের উপস্থিতির রিপোর্ট দেওয়ার নির্দেশ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১২:২১, ১ ডিসেম্বর ২০২৫; আপডেট: ১২:২২, ১  
ডিসেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত

সরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং স্কুল ও কলেজের  
মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে চলমান বার্ষিক ও নির্বাচনি  
পরীক্ষার দায়িত্বে থাকা শিক্ষক ও কর্মকর্তাদের উপস্থিতি  
সম্পর্কে তথ্য চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সোমবার (১ ডিসেম্বর)  
মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে জারি করা  
এক অফিস আদেশে বিষয়টি জানানো হয়।

সিনিয়র সহকারী সচিব সিফাত উদ্দিনের সই করা ওই অফিস আদেশে  
বলা হয়েছে, সোমবার দেশের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চলমান বার্ষিক/  
নির্বাচনি পরীক্ষা-২০২৫ গ্রহণ-সংক্রান্ত এবং পরীক্ষায় দায়িত্বপ্রাপ্ত  
শিক্ষক-কর্মকর্তাদের উপস্থিতির তথ্য বেলা ১২টার মধ্যে মাধ্যমিক ও  
উচ্চ শিক্ষা বিভাগে পাঠাতে হবে।

এছাড়া তথ্য চাওয়ার বিষয়টিকে জরুরি বলেও আদেশে উল্লেখ করা  
হয়েছে।